

২২

আজ এসএসসি ও দাখিল পরীক্ষা

১০ লাখ ২৯ হাজার ৮৮৫ জন পরীক্ষার্থী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : আজ (বৃহস্পতিবার) থেকে সার্বাঙ্গীণে একযোগে শুরু হচ্ছে এসএসসি ও দাখিল পরীক্ষা। সাতটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এবারের পরীক্ষায় সর্বমোট ১০ লাখ ২৯ হাজার ৮৮৫ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। ২০০৬ সালে মোট পরীক্ষার্থী ছিল ১০ লাখ ৫৫৬ জন। হিসাব অনুযায়ী গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে ২৯ হাজার ৩২৯ জন। সার্বাঙ্গীণে ১০ হাজার ৯০১টি কেন্দ্রে এই পরীক্ষা গ্রহণ করা হবে। এছাড়া দেশের বাইরে ৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারের পরীক্ষায় অংশ নেয়া পরীক্ষার্থীদের ৮-এর ৭১ ৭-এর ৩১ শতাংশ

আজ এসএসসি ও দাখিল পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর
মধ্যে ৫ লাখ ৫০ হাজার ৬৬৬ জন ছাত্র এসএসসি ৪ লাখ ৭৬ হাজার ২১৯ জন ছাত্রী। সাতটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এবার এসএসসি পরীক্ষার্থী ৭ লাখ ৯৬ হাজার ৭০ জন। এ বছর ঢাকা শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষা দিচ্ছে ২ লাখ ৩০ হাজার ৪৩ জন। রাজশাহী শিক্ষা বোর্ডে ২ লাখ ১২ হাজার ১৯৯ জন, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষা দিচ্ছে ৯০ হাজার ৬৬ জন, যশোর বোর্ডে ১ লাখ ১৭ হাজার ৬০৯ জন, চট্টগ্রাম বোর্ডে ৬২ হাজার ১০৭ জন, বরিশাদ বোর্ডে ৫১ হাজার ৬৭০ জন, সিলেট বোর্ডে ৩২ হাজার ৩৭৬ জন। বিদেশের ৭টি কেন্দ্রসহ ঢাকা বোর্ডের অধীনে মোট ২৩২টি, রাজশাহী ১৯৮টি, কুমিল্লা ১৩০টি, যশোর ১১৪টি, চট্টগ্রাম ১১৫টি, বরিশাদ ৬৩টি, সিলেট ৫৪টি কেন্দ্রের মাধ্যমে এ পরীক্ষা গ্রহণ করা হবে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষায় এ বছর অংশ নেবে ১ লাখ ৬৯ হাজার ৩৮৭ জন শিক্ষার্থী। এ বোর্ডের মোট পরীক্ষা কেন্দ্র ৪৬৭টি। গত বছর মাদ্রাসা বোর্ডে ১ লাখ ৬২ হাজার ৭৩৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল। কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি ভোকেশনাল পরীক্ষায় ৬৪ হাজার ৪২৫ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এ বোর্ডে মোট ইনস্টিটিউট (একাডেমিক সেবায়) সংখ্যা ১ হাজার ৩০৫টি। সার্বাঙ্গীণে পরীক্ষা কেন্দ্র ৫৩৫টি। গত বছরের তুলনায় এবার ১৬ হাজার ২৬৫ জন বেশি শিক্ষার্থী অংশ নিচ্ছে। ২০০৬ সালে কারিগরি বোর্ডে ৪৮ হাজার ১৬০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়।

এসএসসি ও দাখিল পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের জুমখিয়ার প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ মোষণা করছে। গতকাল পুলিশের এক বিকল্পক্রমে এ কথা জানানো হয়। আজ থেকে পরীক্ষার দিনগুলোতে পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে। এদিকে বাংলাদেশ শিক্ষক সমিতি ও হাতীয়া শিক্ষক কর্মচারী ফ্রন্ট পৃথক বিবৃতিতে পরীক্ষার্থীদের ওধু প্রবেশপত্র ও নিবন্ধন পত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে যাওয়ার পরামর্শ দিয়েছেন। বিবৃতিতে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেন, শিক্ষা তথা হাতীয়া

দ্বাৰ্ধ ও পেশাগত মৰ্ফদা সনুন্নতকরণের লক্ষ্যে হাতীয়া অহস্থান থেকে নকলনুক্ত, সৃষ্ট এসএসসি পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করতে শিক্ষক-কর্মচারীদের নিষ্ঠানহকারে দায়িত্ব পালন করতে হবে। সমিতির সভাপতি মোহাম্মদ আতিকুল ইসলাম, সহ-সভাপতি কাজী আব্দুল লতিফ, মহাসচিব এল এ হামিদ, বান মোশাররফ হোসেন প্রমুখ বিবৃতিতে স্বাক্ষর করেন। হাতীয়া শিক্ষক-কর্মচারী ফ্রন্টের বিবৃতিতে প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ ইউনেস্কো-আইএলও নির্দি অনুযায়ী পরীক্ষার দায়িত্ব পালনকারী শিক্ষক-কর্মচারীদের মৰ্ফদা বিধানের জন্য সরকার ও কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।